



বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
নওগাঁ
www.ecs.gov.bd

নম্বর- ১৭.০৪.৬৪০০.০০০.৪৪.০০৫.২৫-৫৪৭

তারিখঃ ১০ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়ঃ ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ।

নির্বাচন কমিশন সচিবালয়ের পত্র নং ১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-৫১৫; তারিখঃ ১৯ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ এর নির্দেশনা মোতাবেক আমি নিম্নস্বাক্ষরকারী এতদ্বারা ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে নওগাঁ জেলার ১১ টি উপজেলা নিয়ে গঠিত ০৬ টি সংসদীয় আসনের (জাতীয় সংসদের আসন নম্বর ৪৬ নওগাঁ-১, ৪৭ নওগাঁ-২, ৪৮ নওগাঁ-৩, ৪৯ নওগাঁ-৪, ৫০ নওগাঁ-৫ ও ৫১ নওগাঁ-৬) সকল ভোটার এলাকার ভোটারগণের ভোট প্রদানের সুবিধার্থে খসড়া ভোটকেন্দ্রের তালিকা অদ্য ১০ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. প্রকাশ করছি। প্রকাশিত খসড়া ভোটকেন্দ্রের তালিকায় সংসদীয় আসন ভিত্তিক ভোটকেন্দ্রের ক্রমিক নম্বর উল্লেখ করা হয়নি। উপজেলা ভিত্তিক ভোটকেন্দ্রের ক্রমিক নম্বর ব্যবহার করা হয়েছে। প্রকাশিত খসড়া ভোটকেন্দ্রের উপর উত্থাপিত দাবী/আপত্তি নিষ্পত্তি শেষে সংসদীয় আসন ভিত্তিক ভোটকেন্দ্রের ধারাবাহিক ক্রমিক নম্বর নির্ধারণ করা হবে।

০২। খসড়া ভোটকেন্দ্রের তালিকা জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ, জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, নওগাঁ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয় (সকল), উপজেলা পরিষদ (সকল), সংশ্লিষ্ট পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদে আগামী ২৫ সেপ্টেম্বর, ২০২৫ তারিখ পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে।

০৩। উল্লেখ্য যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে প্রকাশিত খসড়া ভোটকেন্দ্রের তালিকা সম্পর্কে কারো কোন দাবী/আপত্তি যদি থাকে তাহলে তা জেলা নির্বাচন অফিসার বরাবর নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে আগামী ২৫ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন লিখিতভাবে দাখিল করা যাবে।

সংযুক্তিঃ খসড়া ভোটকেন্দ্রের তালিকা - ০১ (এক) প্রস্থ।


২০/০৯/২৫


(মোঃ আব্দুল মোতালিব)
জেলা নির্বাচন অফিসার
নওগাঁ

☎- ০২৫৮৭৭৪৭২৯৭

deonaogaonec@gmail.com

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, নওগাঁ।
- ০৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ০৬। পুলিশ সুপার, নওগাঁ।
- ০৭। প্রশাসক, নওগাঁ/নজিপুর/খামইরহাট পৌরসভা, নওগাঁ (খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রদর্শনের অনুরোধসহ)।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), নওগাঁ (খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রদর্শনের অনুরোধসহ)।
- ০৯। উপজেলা নির্বাচন অফিসার(সকল), নওগাঁ (খসড়া ভোটকেন্দ্রের তালিকা তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শন ও ০১ কপি খসড়া ভোটকেন্দ্রের তালিকা সংশ্লিষ্টগণের মাঝে বিতরণের অনুরোধসহ)।
- ১০। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, নওগাঁ (খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রদর্শনের অনুরোধসহ)।


২০/০৯/২৫

(মোঃ আব্দুল মোতালিব)
জেলা নির্বাচন অফিসার
নওগাঁ